



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
www.dhakaeducationboard.gov.bd



নং- ৪৩৬/ক/স্বী/৯৪/৫৬৭

তারিখ: ৩০/৫/২০২৪

বিষয় : মুন্সীগঞ্জ জেলার শ্রীনগর উপজেলাধীন স্যার জগদীশ চন্দ্র বসু ইন্সটিটিউশন ও কলেজ এর বরখাস্তকৃত অধ্যক্ষ মোহাম্মদ ফরহাদ আজিজ এর স্বপদে পুনর্বহালের আপীল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন না করা প্রসংগে।

সূত্র : বরখাস্তকৃত অধ্যক্ষ এর ১৫/০৫/২০২৪ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মুন্সীগঞ্জ জেলার শ্রীনগর উপজেলাধীন স্যার জগদীশ চন্দ্র বসু ইন্সটিটিউশন ও কলেজ এর অধ্যক্ষ জনাব মোহাম্মদ ফরহাদ আজিজ কে স্বপদে পুনর্বহালপূর্বক বকেয়া বেতন ভাতাদি প্রদানের বিষয়ে আপিল এন্ড আরবিট্রেশন কমিটির ২৯/০৪/২০২৪ তারিখের এবং ২৩০তম বোর্ড সভায় স্বপদে বহালের সুপারিশ করা হয়েছে। দীর্ঘদিন অতিবাহিত হওয়ার পরও তাকে স্বপদে বহাল করা হয়নি মর্মে তিনি অভিযোগ করেছেন।

এমতাবস্থায় উক্ত বিষয়ে আপনাদের মতামত/ব্যাখ্যা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

সভাপতি
গভর্নিং বডি
স্যার জগদীশ চন্দ্র বসু ইন্সটিটিউশন ও কলেজ
ও
অধ্যক্ষ
স্যার জগদীশ চন্দ্র বসু ইন্সটিটিউশন ও কলেজ
শ্রীনগর, মুন্সীগঞ্জ।

চেয়ারম্যানের আদেশক্রমে

প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঞা
কলেজ পরিদর্শক (অ:দা:)
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন : ৫৮৬১২৪৭৬